২৮।৮৯

দৈনিক বাংলা

তারিখ 11 NOV 1992
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৩ ...

03

চার প্রার্থীর মুখোমুখি বিতর্ক

# আজ ঢামেকসু নির্বাচন

মেডিক্যাল রিপোর্টার ঃ ছাত্র সংসদ নির্বাচনের প্রচার অভিযানে এবার ঢাকা মেডিক্যাল কলেজ অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে। মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনের প্রচার অভিযানের স্টাইলে এবার ঢাকা মেডিক্যাল কলেজে ৪টি প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগঠনের ৪ জন ভিপি প্রার্থী মুখোমুখি বক্তৃতায় অংশ নিয়েছিলেন।

সহস্রাধীক ছাত্র-চাত্রী ও শতাধিক শিক্ষক ও চিকিৎসকের সামনে ভিপি প্রার্থীদেরকে বলতে হয়েছে, তারা কে কিভাবে মেডিক্যাল কলেজের উন্নয়ন এবং সুষ্ঠ শিক্ষার পরিবেশ বজায় রাখতে পারবেন। আজ ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ (ঢামেকসু) নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে।

মুখোমুখি বক্তৃতায় ৪ জন প্রার্থীকে ছাত্র-ছাত্রীদের নানা প্রশ্নের জবাব দিতে হয়েছে। প্রার্থীদের সামনে বক্তৃতার ৪টি বিষয় তুলে ধরা হয়েছিল। এগুলি হলো, বাংলাদেশের শিক্ষাব্যবস্থা, মেডিক্যাল শিক্ষাব্যবস্থা, বেসরকারী শিক্ষাপদ্ধতি এবং শিক্ষাঙ্গনে সন্ত্রাস।

এই বক্তৃতার উপরে অনেকাংশেই নির্ভরশীল হয়েছে এবারের ছাত্র ছাত্র-সংসদ নির্বাচনের বিজয়। উল্লেখ্য এ ধরনের প্রাক-নির্বাচনী বিতর্ক এর পূর্বে কোন শিক্ষা প্রতিষ্ঠানেই অনুষ্ঠিত হয়নি। যার দরুন এই বিতর্ক অনুষ্ঠান ছাত্র-ছাত্রীদের মাঝে ব্যাপক উৎসাহ উদ্দীপনার সৃষ্টি করেছে।

আজ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে ৪টি প্যানেল ঃ জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত সাবেক ইব্রাহীম পরিষদ ছাত্রলীগ (ম-ই) মনোনীত মশিউর-কামরুল পরিষদ, ছাত্রলীগ (বা-কা) মনোনীত মোরতায়েজ-পলাশ পরিষদ এবং ছাত্র-ইউনিয়ন মনোনীত আজম-ছেলিম পরিষদ।

সকাল ৮ থেকে দুপুর ২টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ চলবে। ভোট গণনা শেষে ঢামেকসুর প্রধান নির্বাচন কমিশনার অধ্যাপক আতাই রাব্বি বিজয়ীদের নাম ঘোষণা করবেন।

নির্বাচনে প্রায় সাড়ে ৯শ ছাত্র-ছাত্রী তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। এ উপলক্ষে পূর্বেই সংশোধিত ভোটার তালিকা প্রণয়ন করা হয়েছে। ছাত্র-ছাত্রীরা তাদের পরিচিয় পত্র দেখিয়ে ভোটাধিকার প্রয়োগের সুযোগ পাবেন।